



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি-৩৫৪ (ক-৩)/২০০৫ (অংশ-১)/ ৫৫৪/৬

তারিখ: ২২/০৯/২০২০খ্রি.

বিষয়ঃ দিনাজপুর জেলার বিরল উপজেলাধীন বিরল মহিলা কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের প্রভাষক জনাব মোছা: নুরজাহান বেগম-এর এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান সংক্রান্ত।

সূত্র: ১.মাউশিরং/সেসিপ/২০২০/৯৩(১); তারিখঃ ১৫/০৬/২০২০খ্রি.
২. বি,ম,ক ২৪১১(২)/১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার বিরল উপজেলাধীন বিরল মহিলা কলেজের জনাব মোছা: নুরজাহান বেগম, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) এর এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য কলেজটির অধ্যক্ষ সূত্রোক্ত আবেদনপত্র দাখিল করেন।

দিনাজপুর জেলার বিরল উপজেলাধীন বিরল মহিলা কলেজটি উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত। জনাব মোছা: নুরজাহান বেগম ১৫/০১/২০১৫খ্রি. তারিখে ডিগ্রিস্তরে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে যোগদান করেন। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-এর অবসর জনিত কারণে ইতিহাস বিষয়ের পদটি শূণ্য হয়। বর্ণিত বিষয়ে কোন শিক্ষক এমপিওভুক্ত নেই। জনবল কাঠামো ২০১৮ এর ৬.২ক ধারা অনুযায়ী বেসরকারি উচ্চ মাধ্যমিক স্তরে এমপিওভুক্ত কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় স্বীকৃতি ও অধিভুক্ত থাকলে প্রতি বিষয়ে একজন প্রভাষক/সহকারী অধ্যাপক এমপিও প্রাপ্য হবেন।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(ii) ধারা অনুযায়ী উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত, এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক-কর্মচারীগণকে প্যাটার্নভুক্ত শূণ্য পদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে।

এমতাবস্থায়, জনাব মোছা: নুরজাহান বেগম, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) এর নিয়োগ প্রক্রিয়া যথাযথ ও বিধিসম্মত হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ৯(II) ধারা মোতাবেক তাকে জ্যেষ্ঠতার ভিত্তিতে শূণ্য পদে সমন্বয় করতে কোন বাধা নাই। এমপিওভুক্তির নিমিত্তে তাকে অন-লাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AICWJ 29.9.2020
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
বিরল মহিলা কলেজ
বিরল, দিনাজপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।

২। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।

৩। সভাপতি, পরিচালনা পরিষদ, বিরল মহিলা কলেজ, বিরল, দিনাজপুর।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরল, দিনাজপুর।

৫। জনাব মোছা: নুরজাহান বেগম, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), বিরল মহিলা কলেজ, বিরল, দিনাজপুর।

৬। সংরক্ষণ নথি।